

পত্র নং-৩৩.০২.০০০০.১২৪.২৫.০২৯.১৬- ১৬০৬


তারিখঃ ০৬-০৪-২০১৭খ্রি.

প্রজ্ঞাপন

মৎস্য ও মৎস্যপন্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিসমূহ/১৯৯৭ (২০০৮ ও ২০১৪ সালে সংশোধিত) এর বিধি-৩ এর ক্ষমতা বলে মাঠ পর্যায়ে উপজেলা, জেলা ও বিভাগীয় মৎস্য কর্মকর্তাদের মাননিয়ন্ত্রণ বিধিসমূহ অনুসারে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নলিখিত বিধিসমূহের বিধানাবলী বাস্তবায়ন করার ক্ষমতা অর্পণ করা হলো।

১. বিধি-৪(১) বাস্তবায়ন করার ক্ষেত্রে কেউ উক্ত বিধি লংঘন করলে বিধি-৪(২) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
২. বিধি-৪ এর উপ-বিধি (৩), (৪) এবং (৫) বাস্তবায়নের ক্ষমতা।
৩. বিধি-৫ এর উপ-বিধি (২), (৩) ও (৪) বাস্তবায়নের ক্ষমতা।
৪. বিধি-৫ এর উপ-বিধি (৭) ভংগ করলে উপ-বিধি (৮) অনুসারে এবং উপ-বিধি (১১) ও (১২) ভংগ করলে উপ-বিধি (১৫) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
৫. বিধি-৬ অনুসারে মৎস্য চাষের ক্ষেত্রে তফসিল ১৭, অভ্যন্তরীণ বাজারে মৎস্য বাজারজাত করার ক্ষেত্রে তফসিল-১৮, পরিবহনের ক্ষেত্রে তফসিল-৫, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার এবং মৎস্য আড়তের ক্ষেত্রে তফসিল-৬ ও ৭, বরফকলের ক্ষেত্রে তফসিল-৮ এবং হ্যাচারির ক্ষেত্রে তফসিল-১৩ এর কার্যক্রম পরিচালনা।
৬. বিধি-৯ উপ-বিধি (১) অনুসারে মাছ পরিবহনকারী যে কোন যান, মৎস্যচাষ খামার, হ্যাচারি, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার, আড়ত নিয়মিত পরিদর্শন করা।
৭. বিধি-৯ এর উপ-বিধি (৩) অনুসারে বিধি-৯(১) এর প্রেক্ষিতে উপরোল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় জরিমানা করার ক্ষমতা।
৮. বিধি-১৪ অনুসারে অভ্যন্তরীণ বাজারে মৎস্য সরবরাহ, রপ্তানির উদ্দেশ্যে কারখানায় মৎস্য সরবরাহের ডিপো, নার্সারিতে পোনা চাষ, ঘেরে মৎস্যচাষ এবং বরফ কলে বরফ উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের সুপারিশ করা।
৯. বিধি-১৫ অনুসারে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধিতে উল্লেখিত তফসিলসমূহে উল্লেখিত শর্তসমূহ পূরণ করলেই লাইসেন্স এর জন্য সুপারিশ করা।
১০. বিধি-২০ এর উপ-বিধি-(১) অনুসারে জরিমানার অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা।
১১. বিধি-২১ ও ২২ বাস্তবায়নের ক্ষমতা।
১২. বিধি-২৩ অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের ক্ষমতা।

এখানে উল্লেখ্য যে, মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে মৎস্যচাষ হতে শুরু করে হ্যাচারি, নার্সারি, ডিপো, আড়ত, মৎস্য সরবরাহকারী, বরফ কল এর কার্যক্রমসমূহ তদারকী ও বাস্তবায়ন করতে এবং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সুযোগ সুবিধাসমূহ বিদ্যমান থাকলে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ এর মিকট সুপারিশ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এই আদেশ ১১-০৪-২০১৭ খ্রি. তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য বলবৎ থাকবে। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণকে অর্পিত ক্ষমতা বাস্তবায়ন পরবর্তী অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরে দাখিল করতে এবং মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের উপ-পরিচালকগণকে উক্ত প্রতিবেদন একীভূত করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
(সৈয়দ আরিফ আজাদ)  
মহাপরিচালক (অতি.দায়িত্ব)  
ফোন: ০২-৯৫৬২৮৬১

ই-মেইল: dg@fisheries.gov.bd

তারিখঃ ০৬-০৪-২০১৭খ্রি.

পত্র নং-৩৩.০২.০০০০.১২৪.২৫.০২৯.১৬- ১৬০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য জরিপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

০৩। পরিচালক (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

০৪। উপ-পরিচালক (প্রশাসন/মৎস্য চাষ/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি/ফিল্ড সার্ভিস/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

০৫। বিভাগীয় মৎস্য উপ-পরিচালক,.....বিভাগ.....।

০৬। উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।

০৭। জেলা প্রশাসক,.....।

০৮। জেলা মৎস্য কর্মকর্তা,.....।

০৯। সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা। প্রজ্ঞাপনটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০। উপজেলা নির্বাহী অফিসার,.....।

১১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা,.....।

১২। দপ্তর নথি।

  
(নিত্যরঞ্জন বিশ্বাস)

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.স.)

মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ

ফোন: ০২-৯৫৬৯৯৪৩

ই-মেইল: psofiqc@fisheries.gov.bd